...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

সাধারণ শাখা

### "বাংলা নববর্ষ-১৪২৯" উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: মজিবর রহমান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১০ এপ্রিল ২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, সিলেট |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি জানান যে, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ উদযাপন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমান কাল ধরে বাঙালি অধ্যুষিত জনপদে সার্বজনীন ও অসম্প্রদায়িক এ উৎসবটি উদযাপিত হয়ে আসছে। ধর্ম-বর্ণ নির্বিশেষে বাংলা নববর্ষের এ প্রথম দিনটি বাঙালি জাতির এক মহা মিলনমেলায় রুপান্তরিত হয়। অন্যান্য বছরের ন্যায় এ বছরে জেলা পর্যায়ে বাংলা নববর্ষ-১৪২৯ উদযাপনের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপনে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ কর্মসূচি/সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>কর্মসূচি</u>:

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | আয়োজনে/বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ৩০ চৈত্র ১৪২৮<br>১৩ এপ্রিল, ২০২২<br>সন্ধ্যা ৬.৪৫ টা হতে ৭.৪৫ টা | বর্ষ বিদায় ও নববর্ষকে স্বাগত জানিয়ে আনন্দ উৎসব | চাদনী ঘাটস্থ সুরমা নদীর পাড় | সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট |
| ০২ | ১লা বৈশাখ ১৪২৯<br>১৪ এপ্রিল ২০২২<br>সকাল ০৯.০০ টা | বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা | জেলা প্রশাসকের কার্যালয় হতে মির্জাজাঙ্গাল-লামাবাজার হয়ে কবি নজরুল অডিটরিয়ামের মুক্তমঞ্চ পর্যন্ত | সংশ্লিষ্ট উপকমিটি |
| ০৩ | ১লা বৈশাখ ১৪২৯<br>১৪ এপ্রিল ২০২২<br>সকাল ৯.৩০ টা | মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান | কবি নজরুল অডিটরিয়ামের মুক্তমঞ্চ | জেলা প্রশাসন, সিলেট<br>ও জেলা শিল্পকলা একাডেমি, সিলেট |
| ০৪ | ১লা বৈশাখ ১৪২৯<br>১৪ এপ্রিল ২০২২<br>সুবিধাজনক সময়ে/ইফতারের সময়ে | সিলেট কেন্দ্রীয় কারাগার, সকল হাসপাতাল ও শিশু পরিবারে ঐতিহ্যবাহী বাঙ্গালী খাবার এবং ইফতারের আয়োজন | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | ১লা বৈশাখ ১৪২৯<br>১৪ এপ্রিল ২০২২<br>সুবিধাজনক সময়ে | কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান/কারাবন্দীদের তৈরী বিভিন্ন দ্রব্যাদি প্রদর্শন | সিলেট কেন্দ্রীয় কারাগার/ প্রবেশ পথ, কেন্দ্রীয় কারাগার, সিলেট | সিলেট কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষ |
| ০৬ | ঐ | জাদুঘর ও সকল পার্ক সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা | ওসমানী জাদুঘর/ হাসন রাজা জাদুঘর/ জাকারিয়া সিটি/ ড্রীমল্যান্ড/ ওসমানী শিশু পার্ক/ এডভেঞ্চার ওয়ার্ল্ড | ওসমানী জাদুঘর/ হাসন রাজা জাদুঘর ও পার্ক সমূহের কর্তৃপক্ষ |
| ০৭ | ঐ | ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা | বিভাগীয় গণ-গ্রন্থাগার প্রাঙ্গণ | গণ-গ্রন্থাগার কর্তৃপক্ষ |

**সিদ্ধান্তসমূহ :**

১. বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রায় জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান এবং আনন্দলোক, শ্রুতি, উদীচী, জয়বাংলা, সোপান ও রবীন্দ্র সংগীত সম্মিলন পরিষদ নামীয় সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহকে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষ্যে কুইজ প্রতিযোগিতা (বাংলা নববর্ষ ও বঙ্গবন্ধু), সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকজ মেলার আয়োজনে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. জেলা প্রশাসনের অনুষ্ঠান ছাড়াও বিভিন্ন সংগঠন পৃথকভাবে বর্ষবরণ অনুষ্ঠান আয়োজন করে থাকেন। অনুষ্ঠান আয়োজনকারী সকলকে অনুষ্ঠানসূচি সংশ্লিষ্ট থানাকে অবহিতকরণসহ অনুষ্ঠানের নিরাপত্তা বিধানের জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারীর পাশাপাশি স্ব স্ব উদ্যোগে স্বেচ্ছাসেবক দল প্রস্তুত রাখতে হবে।

৪. বাংলা নববর্ষ বরণের সকল অনুষ্ঠানে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ ও পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ করা হয়।

৫. বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও আনন্দ শোভাযাত্রাকে সুন্দর, সার্বজনীন ও বর্ণাঢ্য করার নিমিত্ত লাঠি খেলার টিম প্রেরণে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর এবং হুক্কা, মাথাল, লাঙ্গলসহ ১০জন সজ্জিত কৃষক প্রেরণের জন্য উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬. শুভ বাংলা নববর্ষ লিখিত কুলা অথবা ডালাসহ শিক্ষক-শিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিত করার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও জেলা শিক্ষা অফিসার, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. সাজানো পাল তোলা নৌকা সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা ইউনিট কমান্ড সরবরাহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৮. জেলা প্রশাসকের অফিস প্রাঙ্গন, সার্কিট হাউস, জেলা প্রশাসকের বাংলো রঙ্গিন তুলি দিয়ে আলপনা আঁকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইসমাইল গণি হিমন, সিলেট আর্ট এন্ড অটিস্টিক স্কুল, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯. অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের লক্ষ্যে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট এবং পরিচালক, এসসিএস, সিলেটকে অনুরোধ জানানো হয়। তাছাড়া এটি ব্যাপক প্রচারের জন্য উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেটসহ সকল প্রেস ও ইলেক্ট্রনিক প্রিন্ট মিডিয়া এবং অনলাইন মিডিয়াকে অনুরোধ জানানো হয়।

১০. ‘মঙ্গল শোভাযাত্রা’য় শৃংঙ্খলা বজায় রাখার জন্য বাংলাদেশ স্কাউটসদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সাধারণ সম্পাদক, জেলা ও মহানগর স্কাউট/রোভার স্কাউট, সিলেটকে অনুরোধ করা হয়।

১১. মঙ্গল শোভাযাত্রাকে বর্ণাঢ্য করার লক্ষ্যে সুসজ্জিত বাদক দল প্রেরণের জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, সিলেট ও সাধারণ সম্পাদক, সম্মিলিত নাট্য পরিষদ, সিলেটকে অনুরোধ জানানো হয়।

১২. বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে বিশেষ অনুষ্ঠানমালা ও ঐতিহ্যবাহী বাঙালি খাবার ও ইফতার আয়োজনে সরকারী নির্দেশ অনুসরণ করার জন্য তারকা চিহ্নিত হোটেল কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

১৩. সরকারি নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে বাংলা নববর্ষ যথাযথভাবে উদযাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। জেলা প্রশাসন, সিলেট কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে

উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেটকে সম্পৃক্ত হওয়ার জন্য অনুরোধ করা হয়।

১৪. সিলেটে কর্মরত সকল এনজিও সংস্থাকে মঙ্গল শোভাযাত্রাসহ সকল কর্মসূচিতে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়।

১৫. বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তরের পক্ষ থেকে আবহমান বাংলার ঐতিহ্যবাহী সামগ্রী/সাজপোষাকসহ মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

১৬. কাগজের রং বেরংয়ের ফুল সাজিয়ে মাঙ্গলিক শোভাযাত্রা শ্রীবৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কালচারাল অফিসার, সিলেট ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭. শুভ বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে অনাকাঙ্ক্ষিতভাবে পথচারী মহিলা এবং পুরুষের উপর অযাচিত রং ছিটানো শান্তি শৃঙ্খলার পরিপন্থি কাজে লিপ্ত থাকা বখাটেদের উচ্ছৃঙ্খলতা ও উন্মাদনা রোধে আইন শৃঙ্খলা বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাংলা নববর্ষ অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত নিম্নরুপ উপ-কমিটি গঠন করা হলোঃ

<u>মঙ্গল শোভাযাত্রা উপ-কমিটিঃ</u>

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট ------------------------------------------------------------আহবায়ক
২. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট এর প্রতিনিধি ------------------------------------------------------সদস্য
৩. পুলিশ সুপার, সিলেট এর প্রতিনিধি ----------------------------------------------------------------------সদস্য
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট ------------------------------------------------------------------সদস্য
৫. জেলা শিক্ষা অফিসার, সিলেট---------------------------------------------------------------------------- সদস্য
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট ------------------------------------------------------ সদস্য
৭. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট ---------------------------------------------------------------------- সদস্য
৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর, সিলেট ---------------------------------------------------------------------- সদস্য
৯. সিনিয়র সহকারি কমিশনার, সাধারণ শাখা ---------------------------------------------------------------- সদস্য
১০. ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সিলেট ------------------------------------------------------------------------সদস্য
১১. সহকারি কমিশনার, ট্রেজারি শাখা ------------------------------------------------------------ -সদস্য
১২. সহকারি কমিশনার, ব্যবসা বাণিজ্য শাখা------------------------------------------------------------------ সদস্য
১৩. সহকারি কমিশনার, আইসিটি শাখা --------------------------------------------------------------------- সদস্য
১৪. সহকারি কমিশনার, রেকর্ডরুম শাখা ----------------------------------------------------------------------- সদস্য
১৫. সহকারি কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা ----------------------------------------------------------------- সদস্য
১৬. সহকারি কমিশনার, স্থানীয় সরকার শাখা ------------------------------------------------------------------সদস্য
১৭. সভাপতি, জেলা প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব/ইমজা, সিলেট ---------------------------- সদস্য
১৮. সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা কমান্ড/মহানগর কমান্ড, সিলেট ---------- সদস্য
১৯. জেলা কালচারাল অফিসার, সিলেট ----------------------------------------------------------------------- সদস্য
২০. সভাপতি, সম্মিলিত নাট্য পরিষদ/ মনিপুরী সাহিত্য সংসদ, সিলেট -------------------------------------- সদস্য
২১. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট ----------------------------------------------------------------সদস্য
২২. প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ----------------------------------------------------সদস্য

<u>মঞ্চ সজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটিঃ</u>

১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট ------------------------------------------------------------------ আহবায়ক
২. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট -----------------------------------------------------------------------সদস্য
৩. রেভিনিউ ডেপুটি কালেক্টর, সিলেট -----------------------------------------------------------------------সদস্য
৪. সিনিয়র সহকারি কমিশনার, সাধারণ শাখা -----------------------------------------------------------------সদস্য

৫. সহকারি কমিশনার, ব্যবসা বাণিজ্য শাখা ---------------------------------------------------------------------সদস্য
৬. সহকারি কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা ------------------------------------------------------------------সদস্য
৭. সহকারি কমিশনার, স্থানীয় সরকার শাখা --------------------------------------------------------------------সদস্য
৮. জেলা কালচারাল অফিসার, সিলেট -----------------------------------------------------------------------সদস্য
৯. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট ------------------------------------------------------------------------সদস্য
১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট -------------------------------------------------------------------সদস্য
১১. গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট -----------------------------------------------------------------সদস্য

পরিশেষে বাংলা নববর্ষ-১৪২৯ যথাযোগ্য ও আড়ম্বরপূর্ণ পরিবেশে উদযাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০১৬.১৬.৪১৫

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮
১১ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩) পুলিশ সুপার, এসএমপি, সিলেট
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৬) পুলিশ সুপার, সিলেট
৭) সিভিল সার্জন, সিলেট
৮) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৯) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১০) ..........................................................................................., সিলেট
১১) নির্বাহী প্রকৌশলী ............................................ (সকল), সিলেট
১২) পরিচালক/উপপরিচালক/আঞ্চলিক পরিচালক, ............................................ (সকল), সিলেট
১৩) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট
১৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৫) সহকারী পরিচালক..............................(সকল),সিলেট
১৬) জেলা ................................................................... কর্মকর্তা/ অফিসার, সিলেট
১৭) সিনিয়র জেল সুপার, সিলেট
১৮) নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, সিলেট
১৯) পরিচালক/ব্যবস্থাপক/প্রতিনিধি, .....................................এনজিও সংস্থা, সিলেট
২০) সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা/মহানগর ইউনিট কমান্ড, সিলেট
২১) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব, সিলেট

২২) সভাপতি/সাধারণ সম্পাদক, সম্মিলিত সাংস্কৃতিক জোট/সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট

২৩) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা স্কাউটস/রোভার স্কাউটস, সিলেট

২৪) জনাব ইসমাইল গণি হিমন, সিলেট আর্ট এন্ড অটিস্টিক স্কুল, সিলেট

২৫) ..................................., ....................................সিলেট

মো: মজিবর রহমান
জেলা প্রশাসক